Bangladesh Cricket Board

# বাংলাদেশ ক্রিকেট বোর্ডের পরিচালনা পরিষদ-এর নির্বাচন নীতিমালা-২০২৫

**বাংলাদেশ ক্রিকেট বোর্ড**

শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট ষ্টেডিয়াম, মিরপুর-২, ঢাকা ১২১৬।

Bangladesh Cricket Board

# বাংলাদেশ ক্রিকেট বোর্ডের পরিচালনা পরিষদ নির্বাচন-২০২৫-এর নির্বাচন নীতিমালা

১। **কাউন্সিলর তালিকা ঃ**

(ক) বাংলাদেশ ক্রিকেট বোর্ড সর্বশেষ অনুমোদিত গঠনতন্ত্র (২০২৪ সালে সংশোধিত) মোতাবেক কাউন্সিলর তালিকা প্রণয়ন করবেএবং উহা বাংলাদেশ ক্রিকেট বোর্ড কর্তৃক গঠিত নির্বাচন কমিশনে প্রেরণ করবে।

(খ) নির্বাচন কমিশন সুবিধাজনক সময়ে নির্বাচনী তফসিল ঘোষণা করবেন।

(গ) নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত খসড়া ভোটার তালিকার বিরুদ্ধে আপত্তি (যদি থাকে) কমিশন শুনানী সাপেক্ষে নির্বাচন কমিশন ভোটার তালিকা চূড়ান্ত করবেন।

(ঘ) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর কোন প্রকার আবেদন গ্রহনযোগ্য হবে না।

২। **পরিচালক পদে প্রার্থীর যোগ্যতা ঃ**

কাউন্সিলর / ভোটারগণ ক্রিকেট বোর্ডের পরিচালনা পরিষদ-এর নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন যদিঃ

(ক) তিনি বাংলাদেশের নাগরিক হন;

(খ) তিনি কোন ফৌজদারী অপরাধে দন্ডিত না হন কিংবা প্রচলিত কোন আইন-এর বিধানঅনুযায়ীবারিত না হন;

(গ) মানসিকভাবে বিকার গ্রস্থ না হন বা আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত না হন; ও

(ঘ) বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সংশোধিত গঠনতন্ত্র-২০২৪ অনুযায়ী নির্বাচনে কাউন্সিলর / ভোটার হওয়ার অযোগ্য না হন;

Bangladesh
Cricket Board

(ঙ) ক্যাটাগরি-১ এর ক্ষেত্রে-
(i)প্রস্তাবকারী ও সমর্থনকারীকে সংশ্লিষ্ট বিভাগের ভোটার হতে হবে;
(ii) পরিচালকবৃন্দ স্ব-স্ব বিভাগের ভোটার কর্তৃক নির্বাচিত হবেন;
**(iii) একজন ভোটার,পরিচালক পদের জন্য সংশ্লিষ্ট বিভাগের/ অঞ্চলের মোট পরিচালক সংখ্যার চেয়ে বেশী প্রার্থীর প্রস্তাবকারী / সমর্থনকারী হতে পারবেন না।**

(চ) ক্যাটাগরি-২ এবং ক্যাটাগরি-৩ এর ক্ষেত্রে-
(i) প্রস্তাবকারী ও সমর্থনকারীকে সংশ্লিষ্ট ক্যাটাগরির ভোটার হতে হবে;
(ii) পরিচালকবৃন্দ স্ব-স্ব ক্যাটাগরির ভোটার কর্তৃক নির্বাচিত হবেন;
**(iii)একজন ভোটার, পরিচালক পদের জন্য সংশ্লিষ্ট ক্যাটাগরির মোট পরিচালক সংখ্যার চেয়ে বেশী প্রার্থীর প্রস্তাবকারী / সমর্থনকারী হতে পারবেন না।**

৩। **রিটার্নিং অফিসার এবং প্রিজাইডিং অফিসার নিয়োগ ঃ**

নির্বাচন কমিশন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের পরিচালনা পরিষদ নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একজন উপযুক্ত রিটার্নিং অফিসার এবং এক বা একাধিক প্রিজাইডিং অফিসার নিয়োগ করবেন। তবে প্রয়োজনে রিটার্নিং অফিসার এক বা একাধিক সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগ প্রদান ও তাদের কর্মপরিধি বা দায়িত্ব নির্ধারণ করতে পারবেন।

৪। **রিটার্নিং অফিসার ও প্রিজাইডিং-অফিসারের দায়িত্ব ও কর্তব্য নিম্নরূপ ঃ**

(ক) মনোনয়ন পত্র বিতরণ ও গ্রহন;

(খ) মনোনয়ন পত্র বাছাই;

(গ) প্রার্থীদের নামের তালিকা প্রকাশ;

(ঘ) প্রার্থীতা প্রত্যাহার;

(ঙ) প্রার্থীদের নামের চূড়ান্ত তালিকা প্রকাশ;

(চ) পোষ্টাল / ই-ব্যালট বিতরণ ও গ্রহণ;

(ছ) ভোট গ্রহণ;

বাংলাদেশ

Bangladesh
Cricket Board

(জ) ভোট গণনা;

(ঝ) প্রাথমিক ফলাফল ঘোষণা।

৫। **মনোনয়ন পত্র বাছাই-এর প্রক্রিয়া ঃ**

রিটার্নিং অফিসার মনোনয়নপত্র বাছাই করবেন এবং নিম্নোক্ত কারণে মনোনয়নপত্র বাতিল বলে ঘোষণা করতে পারবেন ঃ

(১) যদি তিনি ২নং অনুচ্ছেদে বর্ণিত মতে যোগ্যতার অধিকারী না হন;

(২) যদি তার প্রস্তাবকারী এবং সমর্থনকারী উক্ত যোগ্যতার (২নং অনুচ্ছেদে বর্ণিত) অধিকারী না হন এবং যদি তাঁরা ভোটার না হন;

(৩) যদি প্রার্থীর প্রস্তাবক ও সমর্থনকারীর নাম সঠিক না হয়।

৬। **মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে আপীল ঃ**

রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইকালে কোন প্রার্থীর মনোনয়পত্র বাতিল করলে প্রার্থী নির্বাচন কমিশনের নিকট নির্বাচনী তফসিলে বর্ণিত সময়ের মধ্যে আপিল করতে পারবেন। নির্বাচন কমিশন শুনানীঅন্তে আপিল নিষ্পত্তি করবেন এবং এ ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্যহবে।

৭। **ভোট গ্রহণের তারিখ ও সময় নির্ধারণ ঃ**

নির্বাচন কমিশন ভোট গ্রহণের তারিখ ও সময় নির্ধারণ করে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের ব্যবস্থা নিশ্চিত করবে।

৮। **ব্যালটঃ**

ভোটারদের ভোটেঅংশগ্রহনের সুবিধার্থে,নির্বাচন কমিশন সম্পূর্ণ গোপনীয়তা ও নিরাপত্তা নিশ্চিতপূর্বক নিম্নলিখিত পদ্ধতি সমূহের জন্যব্যালট প্রস্তুত করবে ঃ

(i) স্বশরীরে ভোট প্রদানের ক্ষেত্রে;

(ii) পোষ্টাল ব্যালটের মাধ্যমে ভোট প্রদানের ক্ষেত্রে;

(iii) ই-ব্যালট (ই-মেইল)-এর মাধ্যমে ভোট প্রদানের ক্ষেত্রে।

বাংলাদেশ

Bangladesh
Cricket Board

৯। **ভোট গ্রহণের পদ্ধতি ঃ**

(ক) স্বশরীরে ভোট প্রদানের ক্ষেত্রে, নির্বাচন কমিশন ব্যালট বাক্সের ব্যবস্থা করবেন। ভোট গ্রহণের পূর্বে রিটার্নিং অফিসার ব্যালট বাক্সগুলো সম্পূর্ণ খালি বলে নিশ্চিত হবেন এবং ভোট কক্ষে উপস্থিত সকলকে খালি বাক্স প্রদর্শন করে বাক্স বন্ধ ও সীলগালা করবেন।

(খ) ব্যালট পেপারের প্রার্থীর নামের পাশে নির্ধারিত স্থানে ক্রস (X) চিহ্ন বা টিক (√) চিহ্নের মাধ্যমে ভোট প্রদান করতে হবে। তবে ভোট প্রদানের নির্ধারিত ঘর (স্থান)-এর বাহিরে কিংবা দুই প্রার্থীর নামের মধ্যখানে (বর্ডার লাইনে) ক্রস (X) চিহ্ন বা (√) চিহ্ন প্রদান করলে উক্ত ভোট বাতিল বলে গন্য হবে।

(গ) নির্বাচন কমিশন ভোটারের সংখ্যা অনুসারে প্রয়োজনীয় সংখ্যক ভোট কক্ষের ব্যবস্থা গ্রহণ এবং ভোটারদের গোপনীয়তার সাথে ভোটদানের ব্যবস্থা করবেন।

(ঘ) ভোটার দৃষ্টি প্রতিবন্ধি হলে তিনি অন্য একজনের সাহায্য নিয়ে গোপনীয়তা রক্ষা করে ভোট দিতে পারবেন।

(ঙ) পোষ্টাল / ই-ব্যালট পেপার বিতরণ ও গ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করবেন ঃ

(i) নির্বাচন কমিশন চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর পোষ্টাল / ইলেকট্রনিক ভোট (ই-মেইল-এর মাধ্যমে)প্রদানে আগ্রহ প্রকাশের জন্য একটি নির্দিষ্ট সময়সীমা নির্ধারণ করবে এবং ই-ব্যালট পেপার বিসিবির ওয়েবসাইটে আপলোড করবে।

(ii) আগ্রহী ভোটারগণ নির্দিষ্ট সময়সীমার মধ্যে ইলেকট্রনিক ভোট প্রদানের জন্য স্ব-স্ব ই-মেইল ঠিকানা নির্বাচন কমিশনকে প্রেরণ করবেন;

(iii) নির্বাচন তফসিল অনুযায়ী নির্দিষ্ট তারিখে আগ্রহী ভোটার কর্তৃক প্রদত্তই-মেইল-এ "Password Protected Editable" পোষ্টাল / ইলেকট্রনিক ব্যালট পেপার (PDF) বিসিবির ওয়েবসাইটে আপলোড করা হবে। উল্লেখ্য যে, উক্ত ব্যালট পেপারের প্রার্থীর নামের পাশে নির্ধারিত স্থানে শুধুমাত্র টিক (√) চিহ্নের মাধ্যমে ভোট প্রদান করে bcbec2025@gmail.com-এ প্রেরণ করবে।

(iv) ভোট গ্রহণ সমাপ্ত হলে রিটার্নিং অফিসার উপস্থিত প্রার্থী / প্রতিনিধির সম্মুখে পোষ্টাল/ ইলেকট্রনিক ভোট প্রদানের জন্য নির্ধারিত ই-মেইল এর মাধ্যমে গৃহীত ব্যালট পেপার সমূহের প্রিন্ট নিয়ে গণনাপূর্বক অন্যান্য ব্যালট (সিলগালাকৃত ব্যালট বাক্স হতে সংগ্রহীত) গণনার ফলাফলের সাথে যুক্ত করে প্রাথমিক ফলাফল ঘোষণা নিশ্চিতকরণ।

Bangladesh
Cricket Board

১০। **ভোট মূলতবী ঃ**

কোন কারণে ভোট গ্রহণ বিঘ্নিত হলে রিটার্নিং অফিসার তৎক্ষণাৎ ভোট গ্রহণ বন্ধ করে দিবেন ও নির্বাচন কমিশনকে অবহিত করবেন।

১১। **বিবিধ ঃ**

(ক) ভোটারগণ ভোট কেন্দ্রে বাংলাদেশ ক্রিকেট বোর্ড কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র সঙ্গে নিয়ে আসবেন এবং রিটার্নিং অফিসার তাঁর পরিচিতি সম্পর্কে নিশ্চিত হয়ে ভোট প্রদানের সুযোগ দিবেন।

(খ) নির্ধারিত সময়ের পর কোন ভোটারকে ভোট প্রদান করতে দেয়া হবে না। তবে নির্ধারিত সময়ের মধ্যে ভোট কেন্দ্রে প্রবেশ করলে তাকে ভোট প্রদান করার সুযোগ দেয়া যাবে।

(গ) কোন পদের ফলাফল সমান হলে লটারীর মাধ্যমে বিজয়ী নির্ধারণ করা হবে।

(ঘ) যদি কোন প্রার্থী নির্বাচনের পূর্বে ইন্তেকাল করেন তবে উক্ত পদে বিদ্যমান অন্যান্য প্রার্থীদের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা সীমাবদ্ধ থাকবে।

(ঙ) পদের তুলনায় প্রার্থীর সংখ্যা অধিক হলে গোপন ব্যালট ওপোষ্টাল / ইলেকট্রনিক ব্যালটের মাধ্যমে নির্বাচনের ব্যবস্থা করবেন। তবে কোন পদে একজন মাত্র প্রার্থী থাকেন, সে ক্ষেত্রে রিটার্নিং অফিসার তাকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করতে পারবেন।

(চ) অংশগ্রহণকারী প্রার্থীগণ সম্মিলিতভাবে ক্যাটাগরি ভিত্তিক সর্বোচ্চ দুইজন নির্বাচনী প্রতিনিধি প্রদান করতে পারবেন।

(ছ) রিটার্নিং অফিসার নির্বাচন সংক্রান্ত সংশ্লিষ্ট কাগজপত্র নির্বাচন কমিশনে সিলগালা করে জমা প্রদান করবেন।

(জ) নির্বাচন কমিশন চূড়ান্ত ফলাফল প্রদান করে বাংলাদেশ ক্রিকেট বোর্ড সহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

(ঝ) নির্বাচনী ফলাফল ঘোষণার ছয় মাস পর নির্বাচন সংক্রান্ত সকল কাগজপত্র বিনষ্ট করা যাবে।

Bangladesh
Cricket Board

(ঞ) নির্বাচন সংক্রান্ত কোন বিষয় বা এই নীতিমালার সাথে সাংঘর্ষিক কোন বিষয় উত্থাপিত হলে, তা বাংলাদেশ ক্রিকেট বোর্ড গঠনতন্ত্র (২০২৪ সালে সংশোধিত)-এর বিধানাবলী অনুসরনীয় হবে।

(ট) উল্লিখিত ধারাসমূহে কোন অপর্যাপ্ততা / কোন বিষয় অস্পষ্টতা পরিলক্ষিত হলে নির্বাচন কমিশন সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করতে পারবেন এবং নির্বাচন সংক্রান্ত যাবতীয় বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

14/9/25